



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৪ আগস্ট ২০১৫

### প্রেস বিজ্ঞপ্তি

## রামগড়ের হাতিমুড়ায় ভূমি বেদখলের বিরুদ্ধে প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক প্রদীপন খীসা আজ মঙ্গলবার ৪ আগস্ট ২০১৫, এক বিবৃতিতে খাগড়াছড়ি জেলাধীন রামগড়ের হাতিমুড়ায় পাহাড়িদের মালিকানাধীন আনুমানিক ১১০ একর জমি বেদখলের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, “বেদখলকৃত এলাকাটি ডলুপাড়া নামে পরিচিত এবং ঐ গ্রামের ১৫ পরিবার পাহাড়ি ৮০ দশকে জোরপূর্বক উচ্ছেদের শিকার হয়ে ভারতের ত্রিপুরা রাজ্যে আশ্রয় নিতে বাধ্য হন। পরে পার্বত্য চুক্তির পর স্বদেশে ফিরে এসে তাদের ঐ গ্রামে নতুন করে বসতি স্থাপন করতে চাইলে তাদেরকে বারবার বাধা দেয়া হয়। এ কারণে তারা উত্তর ডলু, মরা ডলু, ফকির নালা ও উত্তর হাফছড়িতে পরবাসীর মতো দিনযাপন করছেন।”

ইউপিডিএফ নেতা বলেন, “গত জুলাই মাসে হাতিমুড়া থেকে ৩ পরিবার সেটলার সেনাবাহিনীর সহায়তায় পাহাড়িদের ঐ জমিতে জোরপূর্বক দখল করে ঘর নির্মাণ করে। এরপর থেকে সেনাবাহিনী প্রায় প্রতিদিন ঐ এলাকায় টহলের নামে পাহাড়িদের মধ্যে ভীতির সঞ্চার করছে, যাতে তারা এই অন্যায় ভূমি বেদখলের বিরুদ্ধে কোন ধরনের প্রতিবাদ সংঘটিত করতে না পারে।”

প্রদীপন খীসা আরো বলেন, “মানিকছড়ি-রামগড়-মাটিরঙ্গা এলাকায় ভূমি বেদখল তীব্র আকার ধারণ করেছে। গত কয়েকদিন আগে মানিকছড়ির বক্রিপাড়া ও মনাদং পাড়ায় ২০ একর জমি বেদখলের চেষ্টা চালানো হয়। স্থানীয় জনগণের প্রতিবাদের মুখে বেদখলকারীরা আপাতত: সরে যেতে বাধ্য হলো, প্রশাসন নতুন করে ঐ জমি দখলে সহযোগিতা দেয়ার জন্য একটি পুলিশ পোষ্ট বসানোর ঘড়যন্ত্র চালাচ্ছে।

ডলুপাড়ায় সেটলারদের নতুন করে ভূমি বেদখলের ঘটনায় এলাকায় ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে উল্লেখ করে প্রদীপন খীসা অবিলম্বে ডলুপাড়া থেকে অবৈধ দখলদার সেটলার পরিবারগুলোকে সরিয়ে নেয়ার জন্য প্রশাসনের কাছে দাবী জানিয়েছেন।

এছাড়া তিনি উক্ত জমিতে বংশ পরম্পরায় বসবাস করা পাহাড়িদের তাদের নিজ বসতভিটায় ক্ষতিপূরণসহ পুনর্বাসনেরও দাবী জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।